# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**19-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) বিশ্বব্যাপী অনিশ্চয়তার মধ্যে ভারত ও সুইডেন- উভয়ের সমৃদ্ধি এবং সুস্থায়ী ভবিষ্যতের লক্ষে সহযোগিতা আরও জোরদার করার অঙ্গীকার নিয়েছে।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নরওয়ের রাজধানী অসলোয় তৃতীয় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনে অংশ নেবেন।

# পাঁচ দেশ সফরের চূড়ান্ত পর্যায়ে প্রধানমন্ত্রী আজই ইতালি পৌঁছবেন।

২) ভারত ও ভিয়েতনাম তাদের প্রতিরক্ষা সহযোগিতা আরো জোরদার করবে বলে অঙ্গীকার করেছে।

# প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লামের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ছত্তিশগড়ের বস্তার জেলার জগদলপুরে কেন্দ্রীয় আঞ্চলিক পরিষদের বৈঠকে পৌরোহিত্য করছেন ।

৪) সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, অপারেশন সিঁদুর একটি সুসংহত জাতীয় পদক্ষেপ।

৫) আইপিএল ক্রিকেটে আজ রাজস্থান রয়্যালস খেলবে লক্ষ্ণৌ সুপার জায়ান্টের বিরুদ্ধে।

oooooooooooooooooooo

ভারত ও সুইডেন বলেছে, বিশ্বব্যাপী অনিশ্চয়তার মধ্যে উভয় দেশ সমৃদ্ধি এবং টেকসই ভবিষ্যতের লক্ষে সহযোগিতা আরও জোরদার করবে। নরেন্দ্র মোদী ও

সেদেশের প্রধানমন্ত্রী উল্ফ ক্রীস্টারসন এক যৌথ নিবন্ধে লিখেছেন, বর্তমান ভূ-রাজনৈতিক অস্থিরতা, জ্বালানি সংকট এবং অর্থনৈতিক অনিশ্চয়তা গোটা বিশ্বকে এক কঠিন পরিস্থিতির মুখে এনে দাঁড় করিয়েছে। এই সামগ্রী পরিস্থিতিতে সংকীর্ণ জাতীয় দৃষ্টিভঙ্গীর ঊর্দ্ধে উঠে অংশীদারিত্বের ভিত্তিতে পথ চলতে হবে বলে দুই দেশের প্রধানমন্ত্রী লিখিত মন্তব্য করেছেন। নিবন্ধে উভয় প্রধানমন্ত্রী বলেছেন, রাষ্ট্রসংঘ তার ৮০-তম বর্ষ  উদযাপন করছে। কিন্তু আন্তর্জাতিক সহযোগিতা, মূল্যবোধ, বহু মাত্রিক দৃষ্টিভঙ্গীর ক্ষেত্রে ঘাটতি লক্ষ্য করা যাচ্ছে।

এই মুহূর্তে রাষ্ট্রসংঘের সংস্কার প্রয়োজন। উভয় রাষ্ট্র নেতাই আন্তর্জাতিক আইন মেনে সার্বভৌমত্ব, স্থিরতা এবং উন্নয়নের ওপর জোর দিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই নিবন্ধে বলেছেন, দেশ ২০৪৭ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে পৌঁছতে বদ্ধ পরিকর এবং ২০৭০ সালের মধ্যে কার্বনডাইঅক্সাইট নির্গমন শূন্যে নিয়ে আসার পরিকল্পনা নিয়েছে।

উভয় নেতাই, নর্ডিক দেশগুলির সঙ্গে যৌথভাবে নেতৃত্ব দেওয়ার জন্য তাদের উদ্যোগের কথা জানান। বলেন, পরিচ্ছন্ন প্রযুক্তি, উদ্ভাবন পরিমন্ডল, সামগ্রিক ক্ষেত্রেই তাদের উদ্যোগ আগামী দিনেও অব্যাহত থাকবে।

oooooooooooooooooo

এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্রমোদী, নরওয়ের সঙ্গে দ্বিপাক্ষিকবাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে সন্তোষ প্রকাশ করেছেন। বাণিজ্য ও অর্থনৈতিকঅংশীদারিত্ব চুক্তি TEPA কার্যকর হওয়ার ফলে দশ হাজারকোটি মার্কিন ডলার বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে উভয় পক্ষেরই উদ্যোগ নেওয়া দরকারবলে শ্রী মোদী মন্তব্য করেছেন। এর ফলে ভারতে ১০ লক্ষ

চাকরির সুযোগ সৃষ্টি হবে বলে তিনিগতকাল অসলোয় নরওয়ে-ভারত বাণিজ্যিক ও গবেষণা সংক্রান্ত শীর্ষ সম্মেলনে মন্তব্য করেন।

ooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নরওয়ের অসলোয় তৃতীয় ভারত নর্ডিক শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। সম্মেলনের উদ্দেশ্য হল, প্রযুক্তি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, প্রতিরক্ষা, সুস্থায়ী উন্নয়ন ও বাণিজ্যের মত ক্ষেত্রে নর্ডিক দেশগুলির সঙ্গে ভারতে কৌশলগত অংশীদারিত্ব আরও জোরদার করা। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়াও ৫ টি নর্ডিক দেশের প্রধানমন্ত্রীরাও ঐ সম্মেলনে যোগ দেবেন। প্রযুক্তি ও উদ্ভাবন পুনর্নবীকরণযোগ্য শক্তি ও ডিজিটাইজেশন এবং সুস্থায়ী উন্নয়নের বিষয়ে মূলত আলোচনা হবে এই সম্মেলনে। এর আগের সম্মেলন হয়েছিল ২০২২-এ ডেনমার্কের কোপোনহেগেনে।

সম্মেলনের ফাঁকে শ্রী মোদী ডেনমার্ক, আইসল্যান্ড ও ফিনল্যান্ডের প্রধানমন্ত্রীদের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠকে বসবেন।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় ৫ দেশ সফরের চূড়ান্ত পর্যায় ইতালির রোমে পৌঁছাবেন। এই দুদিনের গুরুত্বপূর্ণ সফরে বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তিগত উদ্ভাবনের ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরো জোরদার হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে। শিক্ষা, কৃষি , আবাসন , দুগ্ধ উৎপাদনের মতো ক্ষেত্রেও দুই দেশের শীর্ষ নেতাদের মধ্যে উচ্চ পর্যায়ের বৈঠক হওয়ার কথা।

ইতালিতে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়  প্রধানমন্ত্রীর সফরের অধীর আগ্রহে অপেক্ষা করে আছে। এবারের সফরে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গেও তাঁর সাক্ষাৎ হবে।

oooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লামের সঙ্গে সাক্ষাৎ করেছেন। দুটি দেশই তাদের প্রতিরক্ষা সহযোগিতা  ভবিষ্যতে আরো জোরদার করার  অঙ্গীকার করেছেন। সমাজ মাধ্যমে একবার্তায়  প্রতিরক্ষামন্ত্রী বলেন, এই সহযোগিতা দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের ক্ষেত্রে মূল চালিকা শক্তি। শ্রী সিং বলেন, পারস্পরিক আস্থা, মূল্যবোধ, প্রতিরক্ষা, নিরাপত্তা  ও  আঞ্চলিক  স্থিতিশীলতার  ক্ষেত্রে  নিবিড় সহযোগিতা ভারত ভিয়েতনামের মধ্যে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় করেছে।

রাজনাথ সিং হ্যানয়ে ভিয়েতনামের প্রতিরক্ষামন্ত্রী জেনারেল ফান ভ্যান জিয়াংএর সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় দেশই ভারত ও ভিয়েতনামের মধ্যে প্রতিরক্ষা অংশীদারিত্ব, সামুদ্রিক  নিরাপত্তা, প্রতিরক্ষা শিল্প, প্রশিক্ষণ এবং আঞ্চলিক স্থিরতা  নিয়ে পর্যালোচনা করেন।

যৌথভাবে তাঁরা ভিয়েতনামের 'এয়ার ফোর্স অফিসার্স কলেজ'এ গবেষণাগার জন্য একটি ল্যাঙ্গুয়েজ ল্যাবের উদ্বোধন করেন।

কৃত্রিম বুদ্ধিমত্তা  এবং কোয়ান্টাম প্রযুক্তির ক্ষেত্রে উভয় দেশ একটি সমঝোতা স্মারক বিনিময় স্বাক্ষর করেছে।

oooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের বেইজিং সফর শেষ হওয়ার সাত দিনের মধ্যে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন চিনের রাষ্ট্রপতি শি জিনপিংয়ের সঙ্গে দেখা করতে চীন সফরে যাচ্ছেন। পুতিন আজ ও আগামীকাল চীনে থাকবেন। ক্রেমলিন সূত্রে খবর

পুতিন ও শি জিনপিং গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ও আঞ্চলিক বিষয়সহ দুই দেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা নিয়ে আলোচনা করবেন।

উল্লেখ্য ২০০১ সালে স্বাক্ষরিত চীন-রাশিয়া মৈত্রী চুক্তির ২৫তম বার্ষিকীতে এই সফর গুরুত্বপূর্ণ হতে চলেছে । কারণ বেইজিং একদিকে যেমন মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে স্থিতিশীল সম্পর্ক বজায় রাখতে চায়, তেমনই অন্যদিকে রাশিয়ার সঙ্গেও শক্তিশালী সম্পর্ক রক্ষা করতে চাইছে।

০০০০০০০০০০০০০০০০০

আগামী ৩০ ও ৩১ অক্টোবর জর্জিয়ার আটলান্টায় জি-২০ বিদেশ মন্ত্রীদের বৈঠকের আয়োজন করতে চলেছে মার্কিন যুক্তরাষ্ট্র। বিশ্বব্যাপী স্থিতিশীলতা ও সমৃদ্ধি প্রসারে জি-২০-এর মূল লক্ষ্যকে এগিয়ে নিতে এই বৈঠকে বিশ্বের শীর্ষস্থানীয় অর্থনীতি সমৃদ্ধ দেশগুলোর বিদেশমন্ত্রীরা একত্রিত হবেন বলে জানান মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও। আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করা, বিশ্বব্যপী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলা এবং উন্মুক্ত বাজার ও স্থিতিশীল সরবরাহ শৃঙ্খলকে সমর্থন করার উপর এই বৈঠকে আলোচনা হবে বলে তিনি আশা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট আজ তার আগের নির্দেশ বজায় রেখে বলেছে, পথকুকুরদের নির্বীজকরণের পর তাদের পুনরায় রাস্তায় ছেড়ে দেওয়া যাবে না।

বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বাধীন এক বেঞ্চ গতবছর ওই আদেশ পরিবর্তন করতে চাওয়া আবেদনগুলি খারিজ করে দিয়েছে। কোর্ট জানিয়েছে, পথকুকুরগুলিকে আশ্রয়কেন্দ্রেই রেখে দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "ইবোলা: আতঙ্ক নয় প্রয়োজন সতর্কতা।" জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন কাশফিন নাহার। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ছত্তিসগড়ের বাস্তার জেলার বিভাগীয় সদর জগদলপুরে কেন্দ্রীয় আঞ্চলিক পরিষদ এর বৈঠকে পৌরোহিত্য করছেন। ছত্তিসগড়, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ ও উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রীরা সম্মেলনে যোগ দিয়েছেন।

ছত্তিসগড় সফরে শ্রী শাহ গতকাল বাস্তার জেলার নেতানারে একটি জন পরিষেবা কেন্দ্রের উদ্বোধন করেন। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার , নকশাল তৎপরতার ফলে গত ৬ দশকে বস্তারের জনগণের যে ক্ষয় ক্ষতি হয়েছে, আগামী ৫ বছরের মধ্যে তার নিরসন করবে।

তিনি বলেন, আদিবাসী কল্যাণে আগামী দেড় বছরে  বাস্তার জেলায় থেকে ২শোটি নিরাপত্তা ক্যাম্পের মধ্যে ৭০-টিকে এ ধরণের কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে। এই কেন্দ্রগুলি থেকে ব্যঙ্কিং, আধার, রেশন কার্ড পরিষেবা, দক্ষতা প্রশিক্ষন এবং কেন্দ্র ও রাজ্যের সমস্ত সুবিধা পাওয়া যাবে। এ ছাড়াও জাতীয় ডেয়ারী উন্নয়ন বোর্ডের অধীনে পশুপালন ও দুগ্ধ উৎপাদন ক্ষেত্রে সহায়তা পাবেন বস্তারের মহিলারা।

oooooooooooooooo

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, অপারেশন সিঁদুর একটি সুসংহত জাতীয় পদক্ষেপ। এর মাধ্যমে, দেশের সামরিক দূরদৃষ্টির প্রতিফলন ঘটেছে। ভারত অপারেশন সিঁদুরের মাধ্যমে শত্রুপক্ষের নির্দিষ্ট লক্ষ্যে আঘাত হানতে  সক্ষম হয়েছে। তিনি বলেছেন, সন্ত্রাসের পরিকাঠামো ধ্বংস করতে অপারেশন সিঁদুর সক্ষম হয়েছে।

( বাইট - উপেন্দ্র )

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে দুর্নীতি ও আর্থিক অনিয়মের মামলায় ইডিকে বিচারপ্রক্রিয়া চালানোর অনুমোদন দিল রাজ্য সরকার। স্বাস্থ্য দফতরের তরফে জারি হওয়া নির্দেশিকায় জানানো

হয়েছে, রাজ্যপাল তথা উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি মেলার পরই এই বিষয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে।

oooooooooooooooo

ক্যালিফোর্নিয়ার সান ডিয়েগোর এক মসজিদে বন্দুক হামলায় দুই বন্দুকবাজ সহ পাঁচজনের মৃত্যু হয়েছে। সান ডিয়েগো-র পুলিশ প্রধান স্কট ওয়াল সাংবাদিক সম্মেলনে জানান ঘটনায় অভিযুক্ত দুই কিশোর হামলার পরেই কিছুটা দূরে গিয়ে আত্মঘাতী হন। ইসলামিক সেন্টারে বন্দুক হামলাকে বিদ্বেষজনিত অপরাধ হিসাবে গন্য করা হয়ে থাকে। এর প্রেক্ষিতে তদন্ত শুরু করা হয়েছে। ইতিমধ্যে তদন্তকারীরা অভিযুক্তদের গাড়ি থেকে ইসলাম-বিরোধী লেখা সহ একটি সুইসাইড নোট উদ্ধার করেছেন বলেও জানান পুলিশ প্রধান স্কট।

ooooooooooooooooo

ভারতীয় আবহাওয়া দফতর মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশে আজ তীব্র গরম এবং তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করেছে। হরিয়ানা চন্ডীগড় পাঞ্জাব রাজস্থান সহ আরও বিভিন্ন জায়গায় আগামী দু-দিন তাপপ্রবাহ চলবে।

অন্যদিকে, আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ, কেরালা, তামিলনাড়ু , পুদুচেরী লাক্ষাদ্বীপ এবং উত্তর-পূর্ব ভারতের বেশকিছু অংশে আজ ভারীবর্ষণের পূর্বাভাষ দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং ঝোড়ো হাওয়া বইতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক তীব্র গরম এবং তাপপ্রবাহের পরিপ্রেক্ষিতে একটি জন স্বাস্থ্য নির্দেশিকা বা অ্যাডভাইসারি জারি করেছে। পর্যাপ্ত পরিমাণে জল খাওয়া, সরাসরি তীব্র রোদ এড়ানো, হালকা সুতির পোশাক পরা এবং ঋতুকালীন ফল খাওয়ার ওপর

এতে জোর দেওয়া হয়েছে। ইলেক্ট্রোলাইটস সহ পানীয় গ্রহণের পরামর্শও দেওয়া হয়েছে।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, অ্যাডভাইসারিতে শিশু, সদ্যোজাত, গর্ভবতী মহিলা, বয়স্ক, অসুস্থ এবং খোলা জায়গায় যাঁরা কাজ করেন তাঁদেরকে বিশেষভাবে সতর্ক করা হয়েছে। কর্মক্ষেত্রে, জনসমাবেশে এবং ঘরের বাইরে বিভিন্ন কাজের ক্ষেত্রে নিরাপদ থাকার ব্যবস্থা নিতে বলা হয়েছে। খেলোয়াড়দের তাপজনিত অসুস্থতা থেকে নিজেদেরকে সুরক্ষিত রাখার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। মাথাধারা, বমি ভাব, ঝিম ধরা, মানসিক অবস্থার হঠাৎ পরিবর্তন, শরীরের তাপমাত্রা বেড়ে যাওয়া, জলশূন্যতা, অজ্ঞান হয়ে যাওয়া ইত্যাদি উপসর্গ দেখা দিলে তা বিপজ্জনক বলে বুঝতে হবে।

ooooooooooooooooo

আই পি এল ক্রিকেটে আজ রাজস্থান রয়্যালস, লখনউ সুপার জায়ান্টস এর বিরুদ্ধে খেলবে। জয়পুরের সাওয়াই মান সিং স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১২ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করে রাজস্থান লিগ তালিকায় ষষ্ঠ এবং সমসংখ্যক ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করে লখনউ ১০ দলের লিগে সব শেষে রয়েছে।

oooooooooooooooooo

আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে। গুয়াহাটির ইন্দিরা গান্ধী অ্যাথলেটিক স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। প্রতিযোগিতায় এখনও পর্যন্ত ১২ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লীগ তালিকার দশম স্থানে রয়েছে নর্থ ইস্ট ইউনাইটেড। এদিকে, সমসংখ্যক ম্যাচ খেলে এখনও পর্যন্ত জয়ের মুখ না দেখা মহামেডান রয়েছে চতুর্দশ তথা সর্বশেষ স্থানে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo